

# যুবদল-ছাত্রলীগের কর্মসূচি ঘিরে ১৪৪ ধারা

ঠাকুরগাঁও প্রতিনিধি

৩১ মে ২০২২ ১২:০০ এএম |

আপডেট: ৩০ মে ২০২২

১০:৫০ পিএম

1

Shares

আমাদের সময়

advertisement

ঠাকুরগাঁওয়ে একই স্থানে কর্মসূচি ঘোষণা করেছে যুবদল ও ছাত্রলীগ। এ নিয়ে উত্তেজনা বিরাজ করছে। এ অবস্থায় শান্তিশৃঙ্খলা ভঙ্গের আশঙ্কায় ১৪৪ ধারা জারি করেছে উপজেলা প্রশাসন।

সোমবার সকাল থেকে রাত ১২টা পর্যন্ত সদর উপজেলার বেগুনবাড়ি ইউনিয়নের দানারহাট ঈদগাঁহ মাঠ ও আশপাশের এলাকায় ১৪৪ ধারা বলবৎ থাকবে বলে জানান ঠাকুরগাঁও সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আবু তাহের মো. সামসুজ্জামান।

এর আগে গত রবিবার সন্ধ্যার দিকে এক চিঠির মাধ্যমে দানারহাট ঈদগাঁহ মাঠ ও আশপাশের এলাকায় এ আদেশ জারি করেন ইউএনও।

১৪৪ ধারার আদেশে বলা হয়, দল পুনর্গঠনের অংশ হিসেবে সোমবার বিকাল ৪টার দিকে দানারহাট ইদগাঁও মাঠে বেগুনবাড়ি ইউনিয়ন জাতীয়তাবাদী যুবদল সম্মেলন

আয়োজনের ঘোষণা দিয়েছিল। এদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ছাত্রদলের কটুক্তির প্রতিবাদে একই স্থানে বেলা ৩টায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ কর্মসূচির ঘোষণা দেয় বেগুনবাড়ি ইউনিয়ন ছাত্রলীগ। আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্কায় সোমবার সকাল থেকে রাত ১২টা পর্যন্ত ওই এলাকায় ১৪৪ ধারা জারি করে উপজেলা প্রশাসন।

ঠাকুরগাঁও জেলা যুবদলের সভাপতি চৌধুরী মাহেবুল্লাহ আবু নুর বলেন, যুবদলকে সুসংগঠিত করার লক্ষ্যে তৃণমূল পর্যায়ে যুবদলের সম্মেলন চলছে। প্রশাসনের কাছে অনুমতি নিয়ে সোমবার বিকালে ঠাকুরগাঁও সদরের বেগুনবাড়ি ইউনিয়ন যুবদলের সম্মেলনের আয়োজন করা হয়। কিন্তু একই স্থানে ছাত্রলীগও পাল্টা কর্মসূচি দেয়। আমরা মনে করি যুবদলের সম্মেলন প- করতেই ছাত্রলীগ একই স্থানে সভার ঘোষণা দিয়েছে।

এ বিষয়ে বেগুনবাড়ি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি নুরনবী সবুজ বলেন, যুবদল থেকে যে অভিযোগ করা হচ্ছে তাদের সম্মেলন প- করার উদ্দেশ্যে আমরা কর্মসূচি দিয়েছি, এটি সত্য নয়। ছাত্রদল যেদিন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কটুক্তি করেছিল আমরা তার পরদিনই প্রতিবাদ সভা করতে চেয়েছিলাম। কিন্তু জেলায় কর্মসূচি থাকার কারণে সোমবার বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা করার সিদ্ধান্ত নেওয়া হয়। দেশের শান্তিপূর্ণ পরিবেশ নষ্ট করার উদ্দেশ্যে যুবদলই আমাদের সভাস্থলে সম্মেলন আহ্বান করেছে।

ঠাকুরগাঁও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তানভিরুল ইসলাম বলেন, ১৪৪ ধারার পাশাপাশি অপ্ৰীতিকর ঘটনা এড়াতে ওই এলাকায় অতিরিক্ত পুলিশও মোতায়েন করা হয়েছে। বর্তমানে ওই এলাকায় পরিস্থিতি শান্ত রয়েছে।